

‘জাতির জনক ও বাংলাদেশ’ শীর্ষক শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা, শিল্পকর্ম প্রদর্শনীর পুরস্কার বিতরণী ও উদ্বোধন অনুষ্ঠিত



২৪ সেপ্টেম্বর ২০২৩-রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাৎ বার্ষিকী স্মরণে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ‘জাতির জনক ও বাংলাদেশ’ শীর্ষক শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা, শিল্পকর্ম প্রদর্শনী এর পুরস্কার বিতরণী ও উদ্বোধন অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বলেন, “ছাত্রলীগের মূলনীতি শিক্ষা, শান্তি, প্রগতি-যেকোনো ছাত্র সংগঠনের জন্যই এই ৩টি শব্দের গুরুত্ব অপরিসীম। এটা আমাদেরকে গভীরভাবে বিশ্লেষণ করতে হবে। আর বঙ্গবন্ধুর আদর্শে রাজনীতি করলে ছাত্রলীগ কখনও অপকর্ম করে দেশ ও দলের ক্ষতি চাইবে না।”



তিনি আরো বলেন, “বর্তমান সময়ের ক্রান্তিকালে আমাদের ছাত্রদেরই বেশি সতর্ক থাকতে হবে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বেশিরভাগ উন্নয়ন কর্মকাণ্ডের দাবীদার এই ছাত্রলীগ, যাদের আন্দোলনের জন্য ছাত্রীদের একমাত্র হল হয়েছে এবং কেরানীগঞ্জে বিশাল ক্যাম্পাসের জায়গা পাওয়া গেছে।”

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের সভাপতি তামজিদা ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. বজলুর রশীদ, বাংলাদেশ ছাত্রলীগ জবি শাখার সভাপতি মোঃ ইব্রাহীম ফরাজী এবং সাধারণ সম্পাদক এস এম আকতার হোসাইন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সংগঠনটির সাধারণ সম্পাদক মেহেদী হাসান।

অনুষ্ঠান শেষে একাডেমিক বিল্ডিং এর নিচতলায় শিল্পকর্ম প্রদর্শনীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।